কুষ্টিয়া চেম্বার সভাপতিকে ট্রাক মালিক গ্রুপের সংবর্ধনা

তৃণমূল পর্যায়ের ব্যবসায়ীসহ ট্রাক মালিকদের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে তাদের বিভিন্ন সমস্যা সমাধানে এগিয়ে আসবে বলে জানিয়েছেন দি কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি আবু জাফর মোল্লা।

গতকাল সন্ধ্যায় জেলা ট্রাক মালিক গ্রুপের কার্যালয়ে সংবর্ধনা অনুষ্ঠানে সমিতির নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন।

ট্রাক মালিক গ্রুপের পাশে আছি এবং থাকবো উল্লেখ করে চেম্বার সভাপতি বলেন, দি কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি একটি গণমুখী চেম্বার। ব্যবসায়ীদের ন্যায্য দাবি আদায়ে চেম্বার সচেষ্ট। এক্ষেত্রে সর্বস্তরের ব্যবসায়ীদের বিভিন্ন সংকট, সমস্যা ও স্বার্থ রক্ষায় চেম্বার সর্বাত্মক সহায়তায় এগিয়ে আসবে। পাশাপাশি তৃণমূল পর্যায়ের ব্যবসায়ীদের দোরগোড়ায় গিয়ে তাদের সঙ্গে মতবিনিময় করবে। এছাড়া ট্রাক মালিকদের নানামুখী সমস্যা ও সমাধানের জন্য সর্বোচ্চ কাজ করবে এই কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।

কুষ্টিয়া জেলা ট্রাক মালিক গ্রুপ এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

কুষ্টিয়া জেলা ট্রাক মালিক গ্রুপের সভাপতি হাজী মো: আব্দুর রশিদের সভাপতিত্বে এবং সাধারন সম্পাদক নরেন্দ্র নাথ সাহার পরিচালনায় বক্তব্য রাখেন সহ-সভাপতি আলহাজ্ব সিরাজুল হক, মো: আখতারুজ্জামান, আলহাজ্ব এম এ মালেক, মো: আশরাফ উদ্দিন নজু, সহ-সাধারণ সম্পাদক গণেশ জোয়ার্দ্দার, সাংগঠনিক সম্পাদক এ কে এম সিদ্দিকুর রহমান (হেলাল), কোষাধ্যক্ষ স্বপন কুমার সাহা, দপ্তর সম্পাদক আসাদুর রহমান (লোটন), প্রচার সম্পাদক আলহাজ্ব মোঃ আব্দুর রাজ্জাক, নির্বাহী সদস্য এ.এন,এম আ: হাই তপো, মো: মাসুদুজ্জামান, মো: খাদেমুল ইসলাম, হাজী মো: আরশাদ আলী, হাজী মো: জমশের আলী, মতিউর রহমান, রাজু আহমেদ, রেজাউল করিম, তারাদাস ভৌমিক, মো: আইনুর রহমান িটেটা, এমএ খালেক ও মো; রুহুল আমিন

প্রমুখ বক্তব্য রাখেন।

পরে দি কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি আবু জাফর মোল্লার হাতে সম্মাননা স্মারক ক্রেষ্ট তুলে দেন কুষ্টিয়া জেলা ট্রাক মালিক গ্রুপের নেতৃবৃন্দ।

কুষ্টিয়া চেম্বার সভাপতি আবু জাফর মোল্লাকে ট্রাক মালিক গ্রুপের শুভেচ্ছা

কুষ্টিয়া জেলা ট্রাক মালিক গ্রুপের সহ-সভাপতি আলহাজ্ব আবু জাফর মোল্লা দি কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি নির্বাচিত হওয়ায় তাকে ট্রাক মালিক গ্রুপের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়েছে।

আজ মঙ্গলবার সকালে শহরের বড় বাজার এলাকার তার নিজ ব্যবসা প্রতিষ্ঠানে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় কুষ্টিয়া জেলা ট্রাক মালিক গ্রুপের সহ-সভাপতি আলহাজ্ব এম এ মালেক, সহ-সাধারণ সম্পাদক গণেশ জোয়ার্দ্দার, সাংগঠনিক সম্পাদক এ কে এম সিদ্দিকুর রহমান (হেলাল), কোষাধ্যক্ষ স্বপন কুমার সাহা, দপ্তর সম্পাদক আসাদুর রহমান (লোটন), প্রচার সম্পাদক আলহাজ্ব মোঃ আব্দুর রাজ্জাক, নির্বাহী সদস্য মো: খাদেমুল ইসলাম, মো: আহসান হাবিব আসকার, মতিউর রহমান, রাজু আহমেদ, রেজাউল করিম, তারাদাস ভৌমিক ও মো; রুহুল আমিন।

এ সময় দি কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি আবু জাফর মোল্লা তাদের পাশে সবসময় আছেন এবং ভবিষ্যতেও থাকবেন বলে প্রত্যয় ব্যক্ত করেন।

জেলা ট্রাক ট্রাক্টর কভার্ড ভ্যান ট্রাংকলরি শ্রমিক ইউনিয়নকে অবাঞ্চিত ঘোষণা

ট্রাক মালিকদের লাঞ্চিত করা, অর্থ আত্মসাত করা, হুমকি ধামকি প্রদর্শন করা, অবৈধভাবে চাঁদা আদায় করাসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ তুলে মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কভার্ড ভ্যান, ট্রাংকলরি শ্রমিক ইউনিয়নকে( রেজি: নং- খুলনা ১৩৪১/৯৮ অবাঞ্চিত ঘোষণা করলো ট্রাক মালিক গ্রুপ।

আজ রবিবার সকালে মেহেরপুর শহরে জেলা ট্রাক মালিক গ্রুপ কার্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে তারা এ ঘোষনা দেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক মিজানুর রহমান রানা।

তিনি বলেন, আমরা দীর্ঘদিন যাবৎ লক্ষ করছি মেহেরপুর জেলার ট্রাক, ট্রাক্টর, কভার্ড ভ্যান, ট্যাংকলরি, শ্রমিক ইউনিয়নের (রেজি: নং- খুলনা ১৩৪১/৯৮) সভাপতি এসএম আকিব ও সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন বাবুর নেতৃত্বাধীন শ্রমিকরা ট্রাক মালিকদের লাঞ্চিত করা, অর্থ আত্মসাত করা, হুমকি ধামকি প্রদর্শন করা, অবৈধভাবে রাস্তায় দাড়িয়ে ট্রাক হতে চাঁদা আদায় করাসহ নানা অনিয়ম করে চলেছে।

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপ তাদেরকে সংশোধন হওয়ার তাগাদা দিলেও সংশোধন না হওয়ায় গত ২৮ সেপ্টম্বর সংগঠনের কার্যনির্বাহী পরিষদেও সভায় সকল সদস্যদের মতামতের ভিত্তিতে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

তিনি আরো বলেন, ট্রাক মালিক গ্রুপের সদস্যদের অনুরোধ জানাচ্ছি ওই শ্রমিক সংগঠনের কার্ডধারী কোন শ্রমিক দ্বারা গাড়ি পরিচালনা না করার জন্য। এবং একই সঙ্গে শ্রমিকদের অপর দুটি সংগঠণ মেহেরপুর আন্ত: জেলা ট্রাক, ট্যাংকলরি, কভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন ( রেজিঃ নং খুলনা ২০২১) এবং মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়ন ইউনিয়নের শ্রমিক দ্বারা, ট্রাক, ট্রাংকলরি, কভার্ড ভ্যান,

পরিচালনা করার অনুরোধ জানানো হলো।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে, জেলা ট্রাক মালিক গ্রুপের সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল বলেন, আমাদের দুই জন ট্রাক মালিকের মালামাল সহ ট্রাক উধাও করা হয়েছে। বিষয়টি নিয়ে মামলা চলছে। এছাড়া আমাদের সমিতির নাম ভাঙিয়ে বিভিন্ন স্থানে ট্রাক থেকে চাঁদা তোলা হচ্ছে।
সংবাদ সম্মেলনে জেলা ট্রাক মালিকগ্রুপের অন্যান্য সদস্য ও মেহেরপুর কর্মরত গণমাধ্যম কর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচনে মনোনয়নপত্র দাখিল সম্পন্ন

মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বিবার্ষিক নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিল সম্পন্ন হয়েছে।

বৃহস্পতিবার মনোনয়নপত্র জমাদানের শেষ দিনে প্রার্থীরা তাদের মনোনয়নপত্র জমা দেন। ২৭ টি পদের বিপরীতে ২৮ জন প্রার্থী প্রতিদন্দিতার জন্য তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।নির্বাচনে কেবলমাত্র সভাপতি পদে ২ জন । বাকি পদগুলোতে একজন করে তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। আগামী ২ ফেব্রুয়ারি মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে। ।

এসময় মেহেরপুর জেলা ট্রাক মালিক গ্রুপের নির্বাচন বোর্ডের চেয়ারম্যান আবদুল্লাহ আল-আমিন ধূমকেতু, সদস্য মাহাবুব চান্দু, নুরুল আহমেদ উপস্থিত ছিলেন।